মানিকগঞ্জ পৌরসভা কার্যালয়, মানিকগঞ্জ

প্রশাসন বিভাগ

বাজার শাখা

www. manikganj pourshava.com

শেখ হাসিনা দর্শন
বাংলাদেশের উন্নয়ন

স্মারক নং- মাপৌ/প্রশা/বাঃআঃ/০১/ ২০২৪/৫৪ তারিখ:১৫/০১/২০২৪

# ইজারা বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্ব সাধারনের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, মানিকগঞ্জ পৌরসভাধীন নিম্নোক্ত হাট- বাজারসহ বিভিন্ন মহাল সমূহ নিম্নলিখিত শর্ত স্বাপেক্ষে ১লা বৈশাখ ১৪৩১বাংলা সন হইতে ৩০ শে চৈত্র ১৪৩১ বাংলা সন পর্যন্ত সময়ের জন্য টোল আদায়ের নিমিত্তে ইজারা প্রদানের জন্য আগ্রহী ব্যক্তি/প্রতিষ্ঠানের নিকট হতে সীল মোহরকৃত খামে দরপত্র আহবান করা যাচ্ছে। দরপত্র দাখিলের বিবরণ অনুযায়ী নিম্ন লিখিত সময় ও স্থান সমূহ হতে দরপত্র সিডিউল ক্রয় ও জমা দেওয়া যাবে। জমাকৃত দরপত্র সমূহ দরপত্র দাখিলের দিন দুপুর ৩.০০ ঘটিকার সময় দরদাতাগণের উপস্থিতে (যদি কেউ উপস্থিত থাকেন) খোলা হবে।

| ক্রঃ নং | মহালের নাম | সম্ভাব্য সরকারী মূল্য | সিডিউলের মূল্য | মন্তব্য |
|---|---|---|---|---|
| ০১ | মানিকগঞ্জ হাট বাজার | ১,৭২,০০০/- | ১,০০০/- | |
| ০২ | কেন্দ্রীয় পৌর বাসটার্মিনাল | ৩২,৪৮,৯০০/- | ৭,২০০/- | |
| ০৩ | ট্রাক টার্মিনাল | ২,০২,০৫০/ | ১২০০/- | |
| ০৪ | বাজার কসাই খানা | ২৮,২৩০/- | ৫০০/- | |
| ০৫ | ডিসিকোর্ট সংলগ্ন গণশৌচাগার | ৭২,৫০৪/- | ৫০০/- | |
| ০৬ | খাদ্য গুদাম সংলগ্ন গণশৌচাগার | ৭,৯৫০/- | ৫০০/- | |
| ০৭ | সদর হাসপাতালের ভিতরে গণশৌচাগার | ১৪,৩১০/- | ৫০০/- | |
| ০৮ | মাছ বাজারের দক্ষিনে গণশৌচাগার | ১৪৯০০/- | ৫০০/- | |
| ০৯ | বাসটার্মিনালের ভিতরে গণশৌচাগার | ১,৮৬,৯২০/- | ১০০০/- | |
| ১০ | বেউথা ঘাট গণশৌচাগার | ৫,৯৩৬/- | ৫০০/- | |
| ১১ | বাসটার্মিনালের নীচতলায় বাথরুম সংলগ্ন স্ন্যাকস | অংশ গ্রহন করে নাই | ৫০০/- | ৩ বছরের জন্য |
| ১২ | কাচাবাজারের দক্ষিন পার্শ্বে গণশৌচাগার | ১৩,৭৮০/- | | |
| ১৩ | বাসটার্মিনালের ২য় তলায় স্ন্যাকস | অংশ গ্রহন করে নাই | ৫০০/- | ৩ বছরের জন্য |

**দরপত্র আহবান কার্যক্রম সংক্রান্ত বিবরণঃ-**

| ১ম পর্যায়ে | | ২য় পর্যায়ে | | ৩য় পর্যায়ে | |
|---|---|---|---|---|---|
| দরপত্র বিক্রির শেষ তারিখ | দরপত্র গ্রহণের তারিখ | দরপত্র বিক্রির শেষ তারিখ | দরপত্র গ্রহণের তারিখ | দরপত্র বিক্রির শেষ তারিখ | দরপত্র গ্রহণের তারিখ |
| ০৫/০২/২০২৪ সোমবার বিকালঃ ৪ ঘটিকা | ০৬/০২/২৪ মঙ্গলবার দুপুর- ১ ঘটিকা | ২৭/০২/২৪ মঙ্গলবার বিকাল ৪ ঘটিকা | ২৮/২/২৪ বুধবার দুপুর ১ ঘটিকা | ১৮/৩/২৪৮ সোমবার বিকাল ৪ ঘটিকা | ১৯/৩/২৪ মঙ্গলবার দুপুর ১ ঘটিকা |

ক)। দরপত্র প্রাপ্তিস্থানঃ- ০১। মানিকগঞ্জ পৌরসভা কার্যালয় মানিকগঞ্জ, ০২। জেলা প্রশাসকের কার্যালয়, মানিকগঞ্জ, ৩। উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় মানিকগঞ্জ সদর, ৪। সহকারী কমিশনার কার্যালয়, (ভূমি) মানিকগঞ্জ ।০৫। সোনালী ব্যাংক মানিকগঞ্জ শাখা, ০৬। মানিকগঞ্জ সদর থানা।

খ)। দরপত্র গ্রহনের স্থান ঃ- ০১। জেলা প্রশাসকের কার্যালয় মানিকগঞ্জ, ০২। উপজেলা নির্বাহী কর্মকর্তা কার্যালয় মানিকগঞ্জ সদর, ০৩। মানিকগঞ্জ পৌরসভা কার্যালয় মানিকগঞ্জ।

## "এই ইজারা বিজ্ঞপ্তি প্রকাশ সংক্রান্ত নির্দেশনাবলী"

প্রথম পর্যায়ের দরপত্র দাখিলের তারিখে সন্তোষজনক কোন দর পাওয়া না গেলে পর্যায়ক্রমে দ্বিতীয় ও তৃতীয় বার দরপত্র দাখিলের তারিখ উল্লেখিত সময় ও স্থানে দরপত্র গ্রহন করা হবে। এই ইজারা বিজ্ঞপ্তি ১ম বার পত্রিকায় প্রকাশ করা হবে। পরবর্তী তারিখ সমূহের জন্য পুনরায় ইজারা বিজ্ঞপ্তি পত্রিকায় প্রকাশ করা হবে না। শুধু মাত্র নোটিশ ও মাইকিং এর মাধ্যমে প্রচার করা হবে। ইজারা সংক্রান্ত বিস্তারিত তথ্যাদি মানিকগঞ্জ পৌরসভার বাজার শাখা হতে জানা যাবে। যে কোন মহালের যে পর্যায়ে দরপত্র কর্তৃপক্ষ কর্তৃক গৃহীত হলে তৎপরবর্তী পর্যায়ের ঐ দরপত্র কার্যক্রম বাতিল বলে গণ্য হবে।

## "শর্তাবলী"

০১। দরপত্র দাতাকে সকল মহালের ইজারার ক্ষেত্রে দেয় দরের অর্থের ডাকের সমুদয় অর্থের ব্যাংক ড্রাফট/পে-অর্ডার মেয়র, মানিকগঞ্জ পৌরসভার বরাবরে দরপত্রের সাথে জমা দিতে হবে।

০২। দরপত্রের উদ্ধৃত্ত দরের ১০% আয়কর, ১৫% ভ্যাট মেয়র, মানিকগঞ্জ পৌরসভা বরাবরে পৃথক ব্যাংক ড্রাফট/পে-অর্ডারের মাধ্যমে দরপত্রের সাথে জমা দিতে হবে।

০৩। হাট-বাজার ইজারা দাতাকে হাটবাজার পরিস্কার পরিচ্ছন্ন রাখতে উদ্ধৃত্ত দরের ৫% হারে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার মেয়র, মানিকগঞ্জ পৌরসভা বরাবর দরপত্রের সাথে দাখিল করতে হবে। যার দরপত্র গৃহিত হবে তাকে অবগতির ০৭ (সাত) দিনের মধ্যে ৩০০/- (তিনশত) টাকা মুল্যের ননজুডিশিয়াল ষ্ট্যাম্পে মেয়র মানিকগঞ্জ পৌরসভা বরাবরে চুক্তি পত্র সম্পাদন করতে হবে। নতুবা তার দরপত্র বাতিল বলে গন্য হবে।

০৪। সকল মহালের দেয়দর ও আয়কর, ভ্যাট ব্যাংক ড্রাফট/পে অর্ডার আলাদা আলাদাভাবে এবং হাটবাজারের পরিস্কার পরিচ্ছন্নতা বাবদ ৫% অর্থ দরপত্রের সহিত পে অর্ডার/ব্যাংক ড্রাফট জমা না দিলে উক্ত দরপত্র সরাসরি বাতিল বলে গন্য হবে।

০৫। সরকারী যে কোন নির্দেশ মোতাবেক নির্ধারিত সময়ের পূর্বে ইজারা যদি বাতিল করা হয় তবে বাকি সময়ের ইজারার অর্থ হারাহারি ভাবে ইজারাদারকে ফেরত প্রদান করা হবে। কিন্তু ইজারাদার কোনরূপ ক্ষতিপূরণ দাবি করতে পারবেন না। করলেও তা সর্বআদালতে অগ্রাহ্য হবে।

০৬। ডাকযোগে কোন সিডিউল বিক্রয় ও গ্রহণ করা হবে না।

০৭। ইজারাদার কোন অবস্থাতেই মহাল সমূহ সাবলিজ বা হস্তান্তর করতে পারবেন না।

০৮। টোল,ফিস ইজারা অর্থ দেনা আছে এধরনের কোন ব্যক্তি/প্রতিষ্ঠান পৌরসভার কোন ইজারা কাজে অংশ গ্রহন করতে পারবে না।

০৯। দরপত্র সিডিউলের প্রত্যেক পাতায় দরপত্র দাতার স্বাক্ষর থাকতে হবে। অন্যথায় দরপত্র বাতিল বলে গণ্য হবে।

১০। অকৃতকার্য দরদাতাদের পে-অর্ডার/ব্যাংক ড্রাফট সমূহ ইজারা চুড়ান্ত হওয়ার পর ফেরত দেওয়া হবে।

১১। ইজারা চুক্তি সম্পাদনের পর ইজারা গ্রহিতাকে সংশ্লিষ্ট মহালের দখল বুঝিয়ে দেওয়া হবে।

১২। সরকার/পৌর কর্তৃপক্ষের ধার্যকৃত হারে টোল/মাশুল আদায় করতে হবে। কোন অবস্থায় অতিরিক্ত টোল/মাশুল আদায় করা যাবে না। মহালের সম্মুখে ইজারাদারকে নিজ খরচে টোল চার্ট টাঙ্গিয়া রাখিতে হইবে।

১৩। কোন প্রাকৃতিক দূর্যোগ বা রাজনৈতিক কর্মসূচীর কারনে ইজারাদার টোল আদায়ে ব্যর্থ হলে সে ক্ষেত্রে পৌর কর্তৃপক্ষ দায়ী থাকবে না।

১৪। কসাইখানা ও গণশৌচাগারের ইজারা সংক্রান্ত অন্যান্য শর্তাবলী পৌরসভার বাজার শাখা হতে জানা যাবে।

১৫। উপরোক্ত যে কোন শর্তের খেলাপ বা প্রতিপালন করিতে ব্যর্থ হলে ইজারা বন্দোবস্ত বাতিল পূর্বক ইজারার জমাকৃত টাকা বাজেয়াপ্ত করা হবে।

১৬। প্রতি বাস/ট্রাক এর ক্ষেত্রে (প্রতিদিনের জন্য) ৫০.০০ টাকা ফি আদায় করতে পারবে।

১৭। কর্তৃপক্ষ কোনরূপ কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ বা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন। ইজারা বিজ্ঞপ্তি প্রকাশের পর হইতে সিডিউল ক্রয় করা যাবে এবং যথাযথভাবে পূরণ পূর্বক নির্ধারিত তারিখ ও স্থানে দাখিল করা যাবে।

১৮। ইজারা সিডিউল মূল্য ফেরত যোগ্য নয়।

১৯। প্রতি পর্যায়ের দরপত্র দাখিলে আলাদা আলাদা দরপত্র সিডিউল ক্রয় করতে হবে। এক মহালের অথবা এক পর্যায়ের সিডিউল অন্য মহালে অথবা অন্য পর্যায়ের জন্য ব্যবহার করা যাবে না।

২০। প্রতিবার প্রস্রাব বাবদ ফি= ২ (দুই) টাকা, পায়খানা বাবদ ফি ০৫ (পাঁচ) টাকা, গোসল বাবদ ফি =১০ (দশ) টাকা আদায় করতে হবে।

২১। কসাইখানার ছাগল/ভেড়া জবাই ফি =৫০/-, গরু জবাই ফি= ১০০/-, মহিষ জবাই ফি ১৫০/- গ্রহন করতে হবে।

২২। স্বায়ত্বশাসিত ও সরকারী কোন লাভজনক প্রতিষ্ঠানে চাকুরীরত ব্যক্তি এই ইজারা কার্যক্রমে অংশ গ্রহন করতে পারিবে না। যদি অংশগ্রহন করে তবে উহা বাতিল বলিয়া গণ্য হবে।

২৩। পৌরসভা কর্তৃক নির্ধারিত স্থান ব্যতিরেকে অন্য কোথাও টোল/মাশুল আদায় করা যাবে না।

২৪। আইন পেশায় নিয়োজিত কোন ব্যক্তি ইজারায় অংশ গ্রহন করতে পারবে না।

(মোঃ রমজান আলী)
মেয়র
মানিকগঞ্জ পৌরভা,মানিকগঞ্জ

স্মারক নং মাপৌ/প্রশা/বাঃআঃ/১/২০২৪/৫৪ তারিখ১৫/০১/২০২৪

অনুলিপি সদয় অবগতি ও জ্ঞাতার্থে প্রেরিত হলো, (জেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১. জেলা প্রশাসক, মানিকগঞ্জ।
২. পুলিশ সুপার, মানিকগঞ্জ।
৩. সিভিল সার্জন, মানিকগঞ্জ।
৪. উপ-পরিচালক, (উপসচিব) স্থানীয় সরকার, মানিকগঞ্জ।
৫. উপজেলা নির্বাহী অফিসার মানিকগঞ্জ সদর।
৬. সহকারী কমিশনার (ভূমি) মানিকগঞ্জ।
৭. সাব রেজিষ্টার, মানিকগঞ্জ।
৮. জনাব...................................................................................................
.................................................................................................
৯. পৌর নির্বাহী কর্মকর্তা, মানিকগঞ্জ পৌরসভা।
১০. নির্বাহী প্রকৌশলী, মানিকগঞ্জ পৌরসভা।
১১. ভারপ্রাপ্ত কর্মকর্তা, সদর থানা মানিকগঞ্জ।
১২. সভাপতি/সম্পাদক, প্রেস ক্লাব, মানিকঞ্জ।
১৩. সম্পাদক..............................................................পত্রিকা, মানিকগঞ্জ তাকে তার পত্রিকার যেকোন একসংখ্যায় ভিতরের পাতায় ছোট আকারে প্রকাশ করার অনুরোধ করা হলো।
১৪. জনাব...............................................................
১৫. জনাব শাহিনুর রহমান, ইজারা বিজ্ঞপ্তি ওয়েবসাইডে প্রকাশের জন্য বলা হলো।

মেয়র
মানিকগঞ্জ পৌরসভা, মানিকগঞ্জ